

নম্বর: ৪৭.৬১.৭৫০০.০০০.৩৫.০০১.২০.৫৫৬

তারিখ: ১৫ চৈত্র ১৪২৮

২৯ মার্চ ২০২২

অফিস আদেশ


সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত/২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪ (সংশোধিত/২০২০) এর সংশ্লিষ্ট বিধি অনুসরণ পূর্বক “পৌর ও ইউনিয়ন সাধারণ ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ” এর আগামী ২১-০৫-২০২২খ্রি. তারিখে অনুষ্ঠেয় ব্যবস্থাপনা কমিটির নির্বাচন পরিচালনার নিমিত্ত সমবায় সমিতি বিধিমালা/২০০৪ (সংশোধিত/২০২০) এর ২৬(২) বিধি অনুযায়ী নিম্নবর্ণিত ০৩ (তিন) সদস্য বিশিষ্ট নির্বাচন পরিচালনা কমিটি নিয়োগ করা হলো।

ক্রঃ নং	নাম ও পরিচিতি	কমিটিতে পদবী
০১	জনাব সোহরাব হোসেন, উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।	সভাপতি
০২	জনাব আজম পাশা চৌধুরী রোমেল, সদস্য নং-১২৬, পৌর ও ইউনিয়ন সাধারণ ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।	সদস্য
০৩	জনাব মো. মোমিনুল হক, হিসাব রক্ষক, বসুরহাট পৌর বহুমুখী সমবায় সমিতি লিঃ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।	সদস্য

উল্লেখ্য: সমবায় সমিতি বিধিমালা/২০০৪ (সংশোধিত/২০২০) এর ২৬(৫) বিধি এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় এর আদেশ নং-৩৬(৫৯০), তারিখ : ২৮-০১-২০০৫খ্রি. এর নির্দেশনা অনুযায়ী নির্বাচন পরিচালনা কমিটির সদস্যগণ সমিতির তহবিল হতে উপযুক্ত পরিমাণ সম্মানী ভাতা প্রাপ্য হবেন।

নিয়োগকৃত নির্বাচন কমিটির কার্যপরিধি

- ০১। সমবায় সমিতি আইন, বিধিমালা এবং সমিতির উপ-আইন অনুসারে নির্বাচন পরিচালনা কমিটি নির্বাচনী কার্যক্রম পরিচালনা করবেন।
- ০২। সমবায় সমিতি বিধিমালা/২০০৪ (সংশোধিত/২০২০) এর ২৭(৩) বিধি মোতাবেক নিয়োগকৃত নির্বাচন কমিটি উক্ত নির্বাচন অনুষ্ঠান পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক পোলিং অফিসার নিয়োগ করতে পারবেন।
- ০৩। সমবায় সমিতি বিধিমালা/২০০৪ (সংশোধিত/২০২০) এর ৩৪(৫) বিধি অনুযায়ী নির্বাচন পরিচালনা কমিটির সকল সদস্যের স্বাক্ষরিত নির্বাচনী ফলাফল সংশ্লিষ্ট সমিতির সভাপতি বা নির্বাহী কর্মকর্তা, বিজয়ী সদস্য ও নিবন্ধকের নিকট দাখিল করবেন এবং একই বিধিমালা ৩৫(২) বিধি অনুযায়ী নির্বাচন সংশ্লিষ্ট রেজিস্টার ও কাগজপত্র সমিতির কর্তৃপক্ষের নিকট বুঝিয়ে দিবেন।
- ০৪। নির্বাচন চলাকালে নির্বাচন কমিটির কার্যক্রম এবং নির্বাচন অনুষ্ঠানের পর দ্রুত সময়ের মধ্যে নির্বাচনী কাগজপত্রাদি নিবন্ধক তথা জেলা সমবায় অফিসার, নোয়াখালী বরাবর দাখিল করবেন।
- ০৫। মন্ত্রীपरिषद বিভাগ হতে জারীকৃত কোভিড-১৯ সংক্রান্ত সকল পরিপত্র অনুসরণ করে স্থানীয় প্রশাসনের সাথে আলোচনাক্রমে নির্বাচনী কার্যক্রম পরিচালনা করতে হবে।
- ০৬। নির্বাচন চলাকালীন সময়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারীকৃত স্বাস্থ্য বিধি কঠোরভাবে প্রতিপালন করতে হবে।



২৯-৩-২০২২

মোঃ ইমরান হোসেন


জেলা সমবায় কর্মকর্তা

ফোন: ০৩২১-৬১৪৪২

ইমেইল: dco.noakhali@yahoo.com

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১) জনাব সোহরাব হোসেন, উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী ও সভাপতি, নির্বাচন পরিচালনা কমিটি, পৌর ও ইউনিয়ন সাধারণ ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
- ২) জনাব আজম পাশা চৌধুরী রোমেল, সদস্য, নির্বাচন পরিচালনা কমিটি, পৌর ও ইউনিয়ন সাধারণ ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
- ৩) জনাব মো. মোমিনুল হক, সদস্য, নির্বাচন পরিচালনা কমিটি, পৌর ও ইউনিয়ন সাধারণ ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
- ৪) সভাপতি/সম্পাদক, পৌর ও ইউনিয়ন সাধারণ ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
- ৫) উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
- ৬) সংশ্লিষ্ট নথি।



২৯-৩-২০২২

মোঃ ইমরান হোসেন
জেলা সমবায় কর্মকর্তা